# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৪৩১

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب الْمَلَاحِمِ)

---

আরবী

وَعَنْ بُرَيْدَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَدِيثٍ: «يُقَاتِلُكُمْ قَوْمٌ صِغَارُ الْأَعْيُنِ» يَعْنِي التّرْك. قَالَ: «تسوقونهم ثَلَاث مَرَّات حَتَّى تلحقوهم بِجَزِيرَة الْعَرَب فَأَما السِّيَاقَةِ الْأُولَى فَيَنْجُو مَنْ هَرَبَ مِنْهُمْ وَأَمَّا الثَّانِيَة فينجو بعض وَيهْلك بعض وَأما الثَّالِثَةِ فَيُصْطَلَمُونَ» أَوْ كَمَا قَالَ. رَوَاهُ أَبُو دَاوُد

اسناده حسن ، رواه ابوداؤد (4305) * بشير بن المهاجر و ثقه الجمهور ۔
(ضَعِيف)

বাংলা

৫৪৩১-[২২] বুরয়দাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) এক হাদীসে বলেছেন, ছোট চক্ষুবিশিষ্ট একদল তুর্কী তোমাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে (তারা তিনবার আক্রমণ করবে) তোমরা তিনবারই তাদেরকে ধাওয়া করবে। পরিশেষে তোমরা তাদেরকে আরব উপদ্বীপে নিয়ে পৌছিয়ে দেবে। অতএব প্রথম ধাওয়ায় যারা পলায়ন করবে, শুধু তারাই রক্ষা পাবে। আর দ্বিতীয়বারে কিছু সংখ্যক রক্ষা পাবে এবং কিছু সংখ্যক ধ্বংস হবে। আর তৃতীয়বারে (কেউই রক্ষা পাবে না, বরং) তারা সমূলে ধ্বংস হয়ে যাবে। অথবা রাসূল (সা.) যে রকম বলেছেন। (আবূ দাউদ)

ফুটনোট

যঈফ: আবূ দাউদ ৪৩০৫, কারণ সনদে দুর্বলতা আছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা : আলোচ্য হাদীস প্রমাণ করে যে, উম্মতে মুহাম্মাদীর মধ্য হতে যে সকল মুসলিম তুর্কীদের তিনবার তাড়া করে নিয়ে যাবে। এমনকি তারা তাদেরকে জাজিরাতুল আরবে বা ‘আরব উপদ্বীপে নিয়ে যাবে এবং সেখানে তাদের মুখোমুখী হবে। প্রথম ধাওয়াতে যারা পালিয়ে যাবে তারা মুক্তি পাবে। দ্বিতীয় ধাওয়াতে কিছুসংখ্যক পালিয়ে যাবে এবং কিছু সংখ্যক মুসলিমদের হাতে নিহত হবে। আর তৃতীয় ধাওয়াতে তাদের মূলোৎপাটন হবে। মুসনাদে আহমাদের অপর বর্ণনায় রয়েছে যে, তুর্কীদের আত্মপ্রকাশ ঘটা ও তাদের সাথে মুসলিমদের যুদ্ধ করা এবং তাদের হত্যা করা এসব সংঘটিত হবে নবী (সা.) -এর দেয়া ভবিষ্যদ্বাণী অনুযায়ী তারা (তুর্কীরা) সে সময় বের হবে। আল্লাহ ছাড়া তাদের সংখ্যা কেউ নির্ধারণ করতে পারবে না। এমনকি তারাই ইয়াজুজ-মা'জুজরূপে আত্মপ্রকাশ করবে (আল্লাহ তা'আলাই অধিক জানেন)। ('আওনুল মা'বুদ ৭ম খণ্ড, ৪৩৯ পৃ., হা. ৪২৯৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85409

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন